

১৯তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট

জন এফ. ডুয়েন (John F. Duane) (D)

হ্যালো। আমার নাম John Duane। আমি নর্থ ইস্ট কুইন্স এ জন্মেছি এবং বেড়ে উঠেছি। আমি একযোগে একজন পিতা, এটর্নী এবং দীর্ঘদিনের কনজুমার এডভোকেট এবং আপনাদের সমর্থন নিয়ে আমি আশা করি সিটি কাউন্সিলে সদস্য নির্বাচিত হয়ে আপনাদের এই কমিউনিটির প্রতিনিধিত্ব করার সুযোগ পাব। প্রথমে আমার নিজের সম্পর্কে কিছু বলা যাক। লিটল নেকে আমার বসবাস যেখানে একক অভিভাবক হিসাবে আমার তিন সন্তানদের বড় করেছি। আমি একটি ছোট একটি লীগে প্রশিক্ষকের দায়িত্বরত ছিলাম, এবং নাউ ফর দ্যা এডাল্ট পার্সন্স সেবা চালু করি যা হাজার হাজার বয়স্ক ব্যক্তিদের জন্য গরম খাবার ও গুরুত্বপূর্ণ সেবা প্রদান করে থাকে। আমি অসংখ্য স্থানীয় সংগঠনের সাথে নিজেকে যুক্ত করেছি যার মধ্যে রয়েছে ওয়েস্টমোরল্যান্ড সিভিক এসেসিয়েশন, দি নাইটস অব কলম্বাস, দি এলি পল্ড এনভায়রোমেন্টাল সেন্টার, দি লিটল নেক ডগলাসটন হিসটরিক্যাল সোসাইটি এন্ড দি কুইনস হিসটোরিক্যাল সোসাইটি। আমি হোলি ক্রস হাইস্কুল, কোলগেট ইউনিভার্সিটি এবং কলাম্বিয়া স্কুল অব ল থেকে গ্রাজুয়েশন নিয়েছি। যাদের প্রায়শতই কথা বলার অবস্থা নেই পাওয়ারফুল স্পেশাল ইনটারেস্ট নিয়ে, তাদের পক্ষে চ্যালেঞ্জ গ্রহণ করে আমি আমার পেশাগত জীবনকে উৎসর্গ করেছি। একজন সাবেক সহকারী এটর্নী জেনারেল হিসেবে আমি কন এড বিরুদ্ধে বিজয়ী হয়ে করদাতার সেটেলমেন্টের জন্য ৩০ মিলিয়ন মার্কিন ডলার অর্জন করেছি। একজন সাবেক এসেম্বলম্যান হিসেবে আমি ভিয়েতনাম ভেটারেন্স টিউইশন এসিসট্যান্স আইন সহ ২২টি আইন প্রণয়ন করেছি। প্রাইভেট প্রাকটিস কালে আমি প্রতারক ক্রেডিট কাউন্সিলস এর সাথে আইনী লড়াই করে প্রতারনার শিকারদেরকে ২৫০ মিলিয়ন ডলার তুলে দিতে পেরেছি। সিটি কাউন্সিলে প্রার্থীতা হবার কারণ হলো একটি কঠিন চ্যালেঞ্জকে সঠিকভাবে মোকাবিলা করতে আমরা পারব - পারতেই হবে। মানসম্পন্ন জীবন বিষয়গুলো যেমন অতিমাত্রায় উন্নয়ন, কর্মসংস্থান, জননিরাপত্তা এইগুলিতে সীমাবদ্ধ দুঃখজনক হলেও রয়েছে জনগণের দুর্নীতি যা সর্বত্র ছড়িয়ে আছে, এই বিষয়টি আপনাদের প্রতিনিধি হিসেবে তুলে ধরব। আমি এই কমিউনিটির সাথে একাকার। আমি এই সমাজ, এই কমিউনিটিকে চিনি এবং আমি জানি যে, ঐক্যবদ্ধ প্রচেষ্টায় আমরা আমাদের ভালবাসার এই সিটিকে বসবাস, কাজ করার ও পরিবার নিয়ে থাকার উপযুক্ত স্থান হিসাবে গড়তে তুলতে পারব। একটা চূড়ান্ত টীকা: রাজনীতি হতে পারে একটি কদম্ব ব্যবসা। কিন্তু এটা হওয়া ঠিক নয়। একটা পরিচ্ছন্ন ক্যাম্পেইন পরিচালনার পরিকল্পনা রয়েছে আমার যেখানে ইস্যুটাকে ফোকাস করা হবে, কোন ব্যক্তিকে না। আমাদের নির্বাচিত কর্মকর্তাগণকে হতে হবে আশাবাদী এবং আমাদের ভবিষ্যত গড়ার লক্ষ্যে যারা জীবন উৎসর্গ করতে ইতস্ততঃ করবেন না। আমার সাথে আপনি যদি একমত হন তাহলে আমার সাথে আসুন। আপনারা আমাদেরকে ফেসবুকে পাবেন অথবা আমার ক্যাম্পেইন-এ (৭১৮) ৪২৭-৪১৬৩ ফোন করতে পারেন। এই বিষয়গুলো নিয়ে আপনাদের সাথে ব্যক্তিগত পর্যায়ে আলোচনা অব্যাহত রাখার ইচ্ছা করি। আপনার সময়ের জন্য ধন্যবাদ।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*